

স্মারক নং- ইআবি/জনসংযোগ,ত.ও প./সংবাদ বিজ্ঞপ্তি/২০২০/০০২৪৬

তারিখ : ০৪ জানুয়ারি ২০২৪ খ্রিষ্টাব্দ

সংবাদ বিজ্ঞপ্তি

**ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে  
বঙ্গবন্ধু চেয়ার স্থাপন বিষয়ে সভা অনুষ্ঠিত**



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে বঙ্গবন্ধু চেয়ার স্থাপন বিষয়ে নীতিমালা প্রণয়নে জন্য সিডিকেট কর্তৃক গঠিত কমিটির সভা মাননীয় ভাইস চ্যান্সেলর এবং কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. মুহাম্মদ আব্দুর রশীদ এর সভাপতিত্বে আজ বিকাল ২:০০ ঘটিকায় বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হয়। সভায় বিশ্ববিদ্যালয়ে বঙ্গবন্ধু চেয়ার স্থাপন বিষয়ে সকল সদস্য একটি নীতিমালা প্রণয়ন বিষয়ে একমত পোষণ করেন। সেই লক্ষ্যে মাননীয় ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মুহাম্মদ আব্দুর রশীদ দ্রুততম সময়ের মধ্যে নীতিমালা প্রণয়ন করে বিশ্ববিদ্যালয়ে বঙ্গবন্ধু চেয়ার স্থাপন করবেন বলে আশা ব্যক্ত করেন।

সভায় আরো অংশগ্রহণ করেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মো: মশিউর রহমান, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মুহাম্মদ আবুল কালাম আজাদ, ট্রেজারার জনাব এস.এম এহসান কবীর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সচিব ড. ফেরদৌস জামান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার জনাব প্রবীর কুমার, পিরোজপুর ছারছীনা দারুসসুন্নাহ কামিল মাদ্রাসার অধ্যক্ষ ও সিডিকেট সদস্য ড. সৈয়দ মোহাম্মদ শরাফত আলী ও বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ড. মোহাম্মদ কামরুল ইসলাম।

অনুলিপি:

১. আইসিটি শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
২. অফিস নথি।

*Mkame 04.01.2024*  
(ড. মোহাম্মদ কামরুল ইসলাম)  
রেজিস্ট্রার  
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়